আজকের কাগজ

তারিখ ... 20 JUN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ২ ...

2D

# ডেন্টাল কলেজে ছাত্রলীগ-ছাত্রদলের সংঘর্ষে কর্মচারিসহ ৬ ছাত্র আহত

## ১৫টি শ্রেণী ও হোস্টেল কক্ষ ভাঙচুর

কাগজ প্রতিবেদক ঃ ঢাকা ডেন্টাল কলেজে গতকাল ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষে কলেজের অফিস কর্মচারীসহ ৬ জন ছাত্র আহত হয়েছে। আহতরা হচ্ছে, শফিকুল ইসলাম (২২), আলি আকবর লিটন (২৩), আশীষ মাহমুদ ইকবাল ওরফে স্বাধীন (২৩), জহিরুল ইসলাম (২৬), কামরুল (২৪) ও কলেজ পিয়ন জয়নাল (২৮)। এদের মধ্যে কামরুল ছাড়া বাকী ৫ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুই সংগঠনের মধ্যকার রাজনৈতিক বিরোধের জের হিসেবে এই সংঘর্ষের ঘটনা ঘটে। তবে গতকালের সংঘর্ষের সূত্রপাত হয় ডেন্টাল কলেজে ভর্তি গাইড বিক্রির ঘটনাকে কেন্দ্র করে। এই সংঘর্ষ সোবহানবাগ ডেন্টাল কলেজ হোষ্টেলেও ছড়িয়ে পড়ে। এ সময় হোষ্টেল ও কলেজের কমপক্ষে ১৫টি কক্ষ ভাংচুর করা হয় এবং কলেজ গেটে কয়েক রাউন্ড ফাঁকা গুলি শব্দ শোনা যায়। প্রত্যক্ষদর্শীরা জানায়, গত কয়েকদিন ধরে ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মিদের মধ্যে উত্তেজনা বিরাজ করছিলো। গত শনিবার কলেজের হল সুপারিনটেনডেন্ট ডঃ মমতাজ বেগমের পদত্যাগকে কেন্দ্র করে এই উত্তেজনা চরমে উঠে। এর সঙ্গে ইস্যু হিসেবে যুক্ত হয়.ডেন্টাল কলেজ ভর্তি গাইড বিক্রির ঘটনা। গতকাল সকালে কলেজ চলাকালে ছাত্রদলের ২/৩ জন কর্মি করিডোরে গাইড বিক্রি করছিলো। এসময় ছাত্রলীগের কর্মিরা একটি মিছিল বের করে। মিছিলটি করিডোরে গাইড বিক্রিরত ছাত্রদল কর্মিদের বাঁধা দেয়। এ সময় দু'টি সংগঠনের কর্মিদের মধ্যে বচসা শুরু হয়। এক পর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এ সময় একে অন্যকে ধাওয়া পাল্টা ধাওয়া করতে থাকে। ফলে সমগ্র মেডিকেল বহিঃবিভাগে এক আতংকজনক পরিস্থিতির সৃষ্টি হয়। এ সময় হাসপাতালে অবস্থানরত রোগী ও দশনার্থীরা প্রাণভয়ে ছুটোছুটি করতে থাকে। সংঘর্ষ চলাকালীন সময়ে একদল মটর সাইকেল আরোহী হকিষ্টিক ও পিস্তল নিয়ে হাসপাতাল বহির্বিভাগের সামনে এসে দাঁড়ায়। তারা ২/৩ রাউণ্ড ফাঁকা গুলি ছুড়ে দ্রুত ডেন্টাল কলেজের তিন তলায় ওঠে যায়। সেখানে সশস্ত্র যুবকেরা কমপক্ষে ১০টি শ্রেণীকক্ষের আশবাবপত্র ভাংচুর করে ঘটনাস্থল ত্যাগ করে। ঘটনার জের হিসেবে দেড় ঘন্টা পর সোবহানবাগ ডেন্টাল হোষ্টেলে ছাত্রদল ছাত্রলীগ কর্মিদের পুনরায় সংঘর্ষ শুরু হয়। এ সময় হোষ্টেলের ৩০৫, ৩১৬, ৫১২ ও ৫১৫ নম্বর কক্ষ তছনছ করা হয়। এই ঘটনার পর ডেন্টাল কলেজ ও হোষ্টেলে উত্তেজনা বিরাজ করছে। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।